



ইসলামাবাদে যুক্তরাষ্ট্র-ইরান প্রথম দফা আলোচনা শেষ



ইসলামাবাদে আলোচনার সংবাদ সংগ্রহের জন্য মিডিয়া সেন্টারে সাংবাদিকরা। ছবি : সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে প্রথম দফার আলোচনা শেষ হয়েছে। শনিবার (১১ এপ্রিল) পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে আড়াই ঘণ্টাব্যাপী এই বৈঠক অনুষ্ঠিত হয়, যেখানে পাকিস্তানের মধ্যস্থতাকারীরাও উপস্থিত ছিলেন।

পাকিস্তানের দুইজন সরকারি কর্মকর্তার বরাতে জানা গেছে, পুরো আলোচনা ছিল ইতিবাচক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে। বৈঠক শেষে দুই দেশের প্রতিনিধিদের পাকিস্তানের আয়োজিত নৈশভোজে অংশ নেওয়ার কথা রয়েছে। একটি সূত্রের তথ্য অনুযায়ী, সামান্য বিরতির পর ত্রিপক্ষীয় আলোচনা রোববার স্থানীয় সময় সকাল ৮টা থেকে সাড়ে ৮টার মধ্যে আবার শুরু হতে পারে।

আল-জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, বৈঠকটি ছিল রুদ্ধদ্বার, ফলে আলোচনার বিস্তারিত তথ্য ধীরে ধীরে সামনে এলেও তা তাৎক্ষণিকভাবে যাচাই করা কঠিন। প্রায় দুই ঘণ্টা সরাসরি আলোচনা চলার পর নৈশভোজের বিরতি দেওয়া হয়। পরবর্তী পর্ব কবে শুরু হবে, সে বিষয়ে স্পষ্ট তথ্য পাওয়া যায়নি।

এর আগে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ৮ এপ্রিল ঘোষণা দেন, পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ ও ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে আলোচনার পর তিনি ইরানের ওপর সম্ভাব্য হামলা ও সামরিক পদক্ষেপ দুই সপ্তাহের জন্য স্থগিত রাখছেন।

এ প্রসঙ্গে শেহবাজ শরিফ এক বার্তায় জানান, তিনি সন্তোষের সঙ্গে ঘোষণা করছেন যে ইরান ও যুক্তরাষ্ট্র তাৎক্ষণিক যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে।

এদিকে আলোচনায় ইরানের পক্ষ থেকে ১০ দফা প্রস্তাব উপস্থাপন করা হয়েছে বলে জানা গেছে। ধারণা করা হচ্ছে, প্রাথমিক আলোচনার মূল কেন্দ্রবিন্দু এই প্রস্তাবগুলোই।